

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৪৯

শান্তিরবাজার, ০৪ মার্চ, ২০২৪

গণতন্ত্র রক্ষায় সাংবাদিকদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে : সমবায়মন্ত্রী

উন্নত সমাজ গঠনে সাংবাদিকদের আরও সক্রিয় ভূমিকা নিতে হবে। সংবাদপত্র হলো গণতন্ত্রের ৪র্থ স্তম্ভ। তাই গণতন্ত্র রক্ষায় সাংবাদিকদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। শান্তিরবাজার প্রেসক্লাবের দশম বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত অটল বিহারী বাজপেয়ী স্মৃতি মার্কেটে বক্তব্য রাখার সময় সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া এই কথা বলেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত ও সহকারি সভাপতি বিভীষণ দাস। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, অধ্যাপক তীর্থরাম রিয়াং, শান্তিরবাজার প্রেসক্লাবের সহ-সভাপতি কেশব দেবনাথ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন শান্তিরবাজার প্রেসক্লাবের সম্পাদক বিক্রম দেবনাথ। অনুষ্ঠানে সমাজের নানা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ৬০ জনকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এই উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*